# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | খুলনা | 22 April, 2025

ঝিনাইদহের কালীগঞ্জ শহরের মল্লিক নগর ট্রাক স্ট্যান্ডে ওয়েলডিং মেশিনের আগুনে ২ টি ট্রাক পুড়ে গেছে।মঙ্গলবার (২২ এপ্রিল) দুপুর ১২ টার দিকে এ ঘটনা ঘটে ।

প্রত্যক্ষদর্শীরা জানান , মল্লিক নগরে মেহেরান ট্রেডার্সের ওয়েলডিং মেশিনের পাশে দুটি ট্রাক পার্কিং করে রাখা ছিল ।সে সময় ওয়েলডিং মেশিনে ইলেকট্রিক শক সার্কিট থেকে আগুন ট্রাকের তেলের ট্যাংকে ছড়িয়ে পড়ে।প্রথমে আশপাশের মানুষ আগুন নিয়ন্ত্রনে আনার চেষ্টা করে ব্যর্থ হয় ।পরে কালীগঞ্জ ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রনে আনে।

কালীগঞ্জ ফায়ার সার্ভিস স্টেশন অফিসার রবিউল ইসলাম জানান , মূলত ওয়েলডিং মেশিন থেকে এ অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে ।ঘটনাস্থলে গিয়ে আমরা দ্রুত আগুন নিয়ন্ত্রনে আনতে সক্ষম হয়েছি ।

আগুন ফায়ার সার্ভিস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 17:00

URL: https://www.timestodaybd.com/khulna/7758071248